

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেশন বাগিচা
ঢাকা।

নথি নং-৫(১৩)২১৭/কাস-বন্ড(সদর)/অফিস আদেশ/২০১০/

তারিখ : ২১.১১.২০০৯

আদেশ

এ দপ্তরের অধিক্ষেত্রাবীন শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহের মধ্যে কোন কোন প্রতিষ্ঠান সুতা থেকে কাপড় তৈরী করে ডাইং এবং ফিনিশিংপূর্বক গার্মেন্টস তৈরী করে সরাসরি রপ্তানি করে থাকেন। এ সকল প্রতিষ্ঠানের সুতা আমদানির জন্য কোন আমদানি প্রাপ্যতা প্রদান করা হয় না। প্রতিষ্ঠানগুলো ইউডি মোতাবেক সুতা আমদানি করে থাকে। কিন্তু ডাইস, কেমিক্যাল ও লবণ আমদানির জন্য এ দপ্তর থেকে আমদানি প্রাপ্যতা দেয়া হয়। প্রতিষ্ঠানের ডাইস, কেমিক্যাল ও লবণ ইউডি অনুযায়ী ব্যবহার হয়ে থাকে। প্রতিষ্ঠানসমূহের লাইসেন্স অটোনবায়িত হয়ে থাকে এবং গার্মেন্টস অডিট শাখা থেকে প্রতিষ্ঠানসমূহ অডিট হয়ে থাকে। অপরদিকে একই ধরনের প্রতিষ্ঠানসমূহের মধ্যে কিছু কিছু প্রতিষ্ঠান ডাইস, কেমিক্যাল ও লবণ ব্যবহারের ক্ষেত্রে পুনরায় এ দপ্তর থেকে ইউপি গ্রহণ করছেন। একই ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২(দুই) ধরনের পদ্ধতি অনুসরণ করা কোনভাবেই যৌক্তিক নয়। যেহেতু এ ধরনের প্রতিটি প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত ইউডি এর বিপরীতে ডেডো সহগ অনুযায়ী উপকরণ ব্যবহারের সুযোগ রয়েছে সেহেতু এক্ষেত্রে পুনরায় ইউপি গ্রহণের যৌক্তিকতা খুঁজে পাওয়া যায় না। ফলে, একই বিষয়ে কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সমতা বিধানের লক্ষ্যে শতভাগ সরাসরি রপ্তানিমুখী কম্পোজিট নিটিং প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে ইউডি অনুযায়ী উপকরণ ব্যবহারের সুযোগ থাকলে সেক্ষেত্রে পুনরায় ইউপি গ্রহণের প্রয়োজন নেই।

স্বাক্ষরিত/-
[হুসেইন আহমেদ]
কমিশনার
ফোন: ৯৩৪৭০০০